গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সমন্বয় শাখা
www.sid.gov.bd

নং- ৫২.০০.০০০০.০১০.০৬.০১৩.২১-২৩৮

তারিখঃ ১৬ অগ্রহায়ণ ১৪২৮ / ১ ডিসেম্বর ২০২১

বিষয়ঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অক্টোবর ২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৩ নভেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদসংগে প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো। সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক বাস্তবায়ন অগ্রগতি যথাসময়ে এ বিভাগের সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা।

১/১২/২০২১

মোঃ আনোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭৩৮০

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/তথ্য ব্যবস্থাপনা),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
৩। যুগ্ম সচিব (তথ্য ব্যবস্থাপনা/বাজেট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৪। পরিচালক, (ট্রেনিং ইনস্টিটিউট/এফএ এন্ড এমআইএস), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট/সিনিয়র সহকারী সচিব (সকল)/প্রোগ্রামার (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)/উপপরিচালক (এসডিজি সেল)/সহকারী সচিব (সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপি:

১। মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় পরিকল্পনা মন্ত্রী-কে অবহিতকরণের অনুরোধসহ)।
২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সমন্বয় শাখা
www.sid.gov.bd

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অক্টোবর ২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| তারিখ | : | ২৩ নভেম্বর ২০২১ (৮ অগ্রহায়ণ ১৪২৮) |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি) |
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন, এনডিসি<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পতাকা "ক" দ্রষ্টব্য। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অতঃপর তাঁর অনুমতিক্রমে যুগ্মসচিব মোছাঃ নূরজাহান খাতুন আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র একে একে উপস্থাপন করেন।

২। গত অক্টোবর ২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **BISR (Bangladesh Institute of Statistics and Research)**<br>BISR-এর অর্গানোগ্রাম এবং-এর কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২টি ফ্লোর নির্দিষ্ট করে বরাদ্দ প্রদানের বিষয়ে পর্যালোচনা হয়। | এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি কমিটি গঠন করতে হবে। কমিটি আগামী ৩ (তিন) সপ্তাহের মধ্যে তদীয় সুপারিশসহ প্রতিবেদন দাখিল করবে। | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ও উপসচিব (প্রশাসন-৩) SID এবং মহাপরিচালক BBS |
| ২ | **প্রশিক্ষণ/কর্মশালা**<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক প্রণীত 'প্রশিক্ষণ ক্যালেন্ডার'-এ প্রয়োজনীয় সংশোধনপূর্বক কর্মকর্তা-কর্মচারীদের গ্রেড ভিত্তিক ট্রেনিং সিডিউল প্রস্তুত করে সে অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ নীতিমালা অনুসরণ করে গ্রেড ভিত্তিক অপরিহার্য কর্মকর্তা ও কর্মচারীদেরকে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে 'প্রশিক্ষণ ক্যালেন্ডার' সংশোধন করে সিডিউল প্রস্তুত করতে হবে। | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ও সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) SID |
| ৩ | **মোট দেশজ উৎপাদন (জিডিপি)-এর ভিত্তিবছর ২০০৫-০৬ হতে ২০১৫-১৬ এ পরিবর্তন**<br>মোট দেশজ উৎপাদন (জিডিপি)-এর ভিত্তিবছর ২০০৫-০৬ হতে ২০১৫-১৬ এ পরিবর্তন সংক্রান্ত আলোচনা হয়। | এ বিষয়ে বিবিএস-এর ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং (জিডিপি ও বৈদেশিক বাণিজ্য)-এর পরিচালক জনাব জিয়াউদ্দীন আহ্মেদ জিডিপি পরিমাপের পদ্ধতিগুলো পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করবেন। | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ও সিনিয়র সহকারী সচিব (তথ্য ব্যবস্থাপনা-২) SID এবং মহাপরিচালক BBS |

| | | | |
|---|---|---|---|
| ৪ | **অডিট আপত্তি**<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর চলমান অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ বিষয়ে সচিবের সভাপতিত্বে বিবিএস-কে নিয়ে শীঘ্র একটি সভা আয়োজন করতে হবে। | মহাপরিচালক BBS এবং সহকারী সচিব (আইন ও অডিট শাখা) SID |
| ৫ | **অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System-GRS)**<br>অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System-GRS) সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System-GRS) সংক্রান্ত নির্দেশিকার বিষয়ে পরবর্তী সমন্বয় সভায় সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করবেন। | সিনিয়র সহকারী সচিব (সমন্বয় শাখা) SID |
| ৬ | **জেলা গেজেটিয়ার কর্মসূচি**<br>জেলা গেজেটিয়ার কর্মসূচি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জরুরি ভিত্তিতে সচিবের সভাপতিত্বে এ বিষয়ে একটি সভার আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ও উপসচিব (তথ্য ব্যবস্থাপনা ১) |
| ৭ | **শুদ্ধাচার কৌশল**<br>জাতীয় শুদ্ধাচার কী এবং এর কৌশল, কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নির্দেশিকার উপর একটি পাওয়ার পয়েন্টের মাধ্যমে এ বিভাগের উপসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা) মোসাঃ কামরুন্নাহার উপস্থাপন করবেন। | যুগ্মসচিব (প্রশাসন)/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা শুদ্ধাচার, SID এবং উপসচিব বাজেট অধিশাখা SID |
| ৮ | **ডিজিটাল হাজিরা**<br>SID এবং BBS-এর কর্মকর্তা-কর্মচারীগণ নির্দিষ্ট সময়ে অফিসে আগমন-প্রস্থানের বিষয়ে আলোচনা হয়। | SID এবং BBS-এর কর্মকর্তা-কর্মচারীদের পরবর্তী ১ (এক) মাসের ডিজিটাল হাজিরা সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক BBS এবং সিস্টেম এনালিস্ট SID |
| ৯ | **নাগরিক সেবার উদ্ভাবন/সেবা-পদ্ধতি সহজিকরণ/ ই-সেবা কার্যক্রম**<br>নাগরিক সেবার উদ্ভাবন, সেবা-পদ্ধতি সহজিকরণ ও ই-সেবা কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়। | নাগরিক সেবার উদ্ভাবন, সেবা-পদ্ধতি সহজিকরণ ও ই-সেবার বিষয়ে এ বিভাগে কোন্ কোন্ কার্যক্রম গ্রহণ করা হয়েছে সে বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাকে পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) প্রোগ্রামার SID এবং মহাপরিচালক BBS |
| ১০ | **মামলা**<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস-এর মামলার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এ বিষয়ে সচিবের সভাপতিত্বে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা একটি সভা আয়োজনের ব্যবস্থা করবেন। | পরিচালক FA&MIS BBS এবং সহকারী সচিব (আইন ও অডিট শাখা) SID |
| ১১ | **ওয়েবসাইট হালনাগাদ**<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদকরণ বিষয়ে আলোচনা হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ রাখতে হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা এ বিষয়ে নিয়মিত মনিটরিং করবেন। | প্রোগ্রামার SID ও মহাপরিচালক BBS |

| | | | |
|---|---|---|---|
| ১২ | **পরিসংখ্যান ভবনের নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা**<br>পরিসংখ্যান ভবনের নিরাপত্তা, লিফট, জেনারেটর সচল/সংযোজন, পর্যাপ্ত আলোর ব্যবস্থাকরণ এবং ভবনের ভিতরে-বাইরে সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | পরিসংখ্যান ভবনের নিরাপত্তা-লিফট, জেনারেটর সচল/সংযোজন ও পর্যাপ্ত আলোর ব্যবস্থাকরণ এবং ভবনের ভিতরে-বাইরে সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক BBS |
| ১৩ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA)**<br>APA-এর বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। সকল প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। APA-এর মাসিক সভা প্রতিমাসে সমন্বয় সভার পরপরই আয়োজন করতে হবে। | উপসচিব (এসডিজি), SID |
| ১৪ | **Sustainable Development Goals (SDG)- বাস্তবায়ন**<br>SDG-বাস্তবায়ন এবং NDCC-সহ অন্যান্য কমিটির সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | SDG-বাস্তবায়ন এবং NDCC-সহ অন্যান্য কমিটির সভা নিয়মিত আয়োজন এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | উপসচিব (SDG সেল), SID |
| ১৫ | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বিবিএস-এর শাখা/অধিশাখা/উইং পরিদর্শন**<br>'সচিবালয় নির্দেশমালা ২০১৪' অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের শাখা/অধিশাখা এবং বিবিএস-এর উইং ভিত্তিক পরিদর্শন প্রতিবেদন দাখিলের বিষয়ে আলোচনা হয়। | 'সচিবালয় নির্দেশমালা ২০১৪' অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণ নিজ নিজ শাখা/অধিশাখা নির্ধারিত সময়ের মধ্যে পরিদর্শনপূর্বক লিখিত প্রতিবেদন দাখিল করবেন। | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID ও মহাপরিচালক BBS |
| ১৬ | **বিবিএস এর ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ**<br>বিবিএস-এর রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির সকল শূন্যপদ পূরণের বিষয়ে আলোচনা হয়। | বিবিএস-এর রাজস্ব খাতভুক্ত সকল শূন্যপদ পূরণের কার্যক্রম জরুরি ভিত্তিতে সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক BBS |
| ১৭ | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের পেন্ডিং লিস্ট**<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনিষ্পন্ন বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | 'সচিবালয় নির্দেশমালা অনুযায়ী ২০১৪' নির্ধারিত ছকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল শাখা/অধিশাখার অনিষ্পন্ন বিষয়াদি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID ও মহাপরিচালক BBS |
| ১৮ | **ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন**<br>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল শাখা/অধিশাখার ই-নথির কার্যক্রম আরও জোরদার করার বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল শাখা/অধিশাখার ই-নথির কার্যক্রম শতভাগ নিশ্চিতের লক্ষ্যে আন্তরিকভাবে সকল কর্মকর্তাকে কাজ করতে হবে। | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ও সকল শাখা/ অধিশাখার কর্মকর্তা SID |

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

৩০.১১.২০২৪

(ড. শাহনাজ আরেফিন এনডিসি)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ